



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩ জুন ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

লংগুদু হামলা ও হত্যার প্রতিবাদে ৫ জুন রাঙামাটি জেলায় অর্ধবেলা সড়ক অবরোধ

শুক্রবার রাঙামাটির লংগুদুতে সেনা-সেটলার যৌথ হামলায় দু'শতাধিক পাহাড়ি বাড়িতে অগ্নিসংযোগ, লুটপাট ও এক বয়স্ক নারীকে পুড়িয়ে হত্যার প্রতিবাদে আগামী ৫ জুন ২০১৭, সোমবার ভোর পাঁচটা থেকে দুপুর ১২টা পর্যন্ত রাঙামাটি জেলায় সড়ক ও নৌপথ অবরোধের ডাক দিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিট।

আজ ৩ জুন ২০১৭, শনিবার সংবাদ মাধ্যমে প্রেরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে রোগী বহনকারী এম্বুলেন্স-জরুরি বিদ্যুত-পানি-গ্যাস সরবরাহকারী সংস্থা ও সংবাদপত্রের গাড়ি, সাইকেল ব্যতীত দূর পাল্লার সকল যানবাহন ও নৌ পরিবহন (লঞ্চ-ট্রলার) উক্ত ঘোষিত সময় সীমার মধ্যে না চালানোর জন্য মালিক ও চালকদের প্রতি অনুরোধ জানানো হয়েছে। অর্ধবেলা সড়ক অবরোধ সাফল্যমণ্ডিত করতে ইউপিডিএফ রাঙামাটি ইউনিট যানবাহন মালিক ও শ্রমিক সমিতির সহযোগিতা কামনা করেছে।

প্রেস বিজ্ঞপ্তিতে উগ্র সাম্প্রদায়িক কায়েমী স্বার্থবাদী চিহ্নিত ভূমিদস্যুদের বিরুদ্ধে পাহাড়ি-বাঙালিদের সতর্ক করে দিয়ে পার্বত্য চট্টগ্রামসহ দেশের প্রগতিশীল গণতান্ত্রিক শক্তিকে সোচ্চার হবার আহ্বান জানিয়ে আরো বলা হয়, কোন হত্যাই সমর্থনযোগ্য নয়। কিন্তু অপরাধী সনাক্ত না করে আওয়ামী যুবলীগের এক কর্মীর রহস্যজনক লাশ উদ্ধারকে কেন্দ্র করে লংগুদুতে যে তাণ্ডবলীলা চালানো হয়েছে তা পরিকল্পিত এবং নীলনক্সা অনুসারে বাস্তবায়িত হয়েছে। 'রক্ষকই ভক্ষক', নিরাপত্তা বাহিনী ও আইন শৃঙ্খলা রক্ষার্থে নিয়োজিত সংস্থাসমূহ পাহাড়ি জনগণের নিরাপত্তার বড় ধরনের হুমকি লংগুদু ঘটনায় তা আবারও প্রমাণিত হলো।

বার্তা প্রেরক :

সচল চাকমা

সংগঠক

ইউপিডিএফ

রাঙামাটি জেলা ইউনিট।